

শেখ হাসিনার নেতৃত্বে বিস্ময়কর উন্নয়নের দিকে দেশ এগিয়ে যাচ্ছে-নৌপরিবহন প্রতিমন্ত্রী

ঢাকা, ১ এপ্রিল ২০২৪;

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, বঙ্গবন্ধুর নেতৃত্বে মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে স্বাধীন বাংলাদেশ পেয়েছি। স্বাধীনতার মাত্র সাড়ে তিন বছরের মাথায় দেশ অন্ধকারে চলে গিয়েছিল। বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার মাধ্যমে দেশকে অন্ধকারে নিয়ে যাওয়া হয়। বঙ্গবন্ধু হত্যা শুধু ব্যক্তি বা পারিবারিক হত্যা নয়। এটা স্বাধীন দেশকে হত্যা করার পরিকল্পনা। ৭৫ পরবর্তী এদেশে মুক্তিযুদ্ধের কোন চেতনা ছিলনা, মা-বোনের আত্মত্যাগের সম্মান ছিলনা, সামাজিক সাংস্কৃতিক সবকিছুই অন্ধকারের গহবরে চলে গিয়েছিল। তখনকার সরকারগুলোর দায়িত্ব ছিল-মানুষ যাতে স্বাধীনতার সুখ অনুভূত করতে না পারে। এজন্য বাংলাদেশ মাথা উঁচু করে দাঁড়াতে পারেনি। মুক্তিযুদ্ধের চেতনা বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করেছে বলে বঙ্গবন্ধুর উত্তরাধিকার দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে স্বাধীনতার সুখ পাচ্ছি। কোন মানুষ না খেয়ে থাকে না, শিক্ষা, চিকিৎসার অভাব নাই। বাসস্থান ও আশ্রয়হীন মানুষ নেই। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বিস্ময়কর উন্নয়নের দিকে দেশ এগিয়ে যাচ্ছে। এই নেতৃত্ব শেখ হাসিনা পেয়েছেন বঙ্গবন্ধুর থেকে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর পথে হাটছেন বলে বাংলাদেশ উন্নয়নের বিস্ময়কর জায়গায় পৌঁছে গেছে। আমাদের গর্ব হয় যখন বিশ্ববাসী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের গুণাবলীর কথা জানতে চায়। মুক্তিযুদ্ধ ইতিহাস তৈরি করেছে। মৌলিক অধিকার প্রতিষ্ঠার জন্য বঙ্গবন্ধুর নেতৃত্বে বিজয় অর্জন করেছে। তিনি হিমালয় উচ্চতায় পৌঁছে গিয়েছিলেন। ফিদেল কাষ্ট্রো বলেছিলেন, আমি হিমালয় দেখিনি, আমি বঙ্গবন্ধুকে দেখেছি, বঙ্গবন্ধু আমার কাছে হিমালয়ের মত। ৭৫ এর পর জিয়া, এরশাদ, খালেদা জিয়ারা বাংলাদেশকে হিমালয়ের চূড়া থেকে অন্ধকারের চোরাগলিতে নিয়ে গিয়েছিল। দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে আমরা আলোকিত বাংলাদেশ তৈরি করেছি। আমাদেরকে এগিয়ে যেতে হবে। আমরা উন্নয়ন করেছি, সোনার বাংলা করেছি। ২০৪১ সাল নাগাদ স্মার্ট বাংলাদেশ তৈরি করব। এজন্য প্রয়োজন মানব কাঠামোর উন্নয়ন। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই উন্নয়ন সম্ভব হবে।

প্রতিমন্ত্রী আজ জাতীয় প্রেস ক্লাবের প্রধান মিলনায়তনে বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতি (বাচসাস) এর প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে 'মুক্তিযুদ্ধের স্মার্ট বাংলাদেশ' বিষয়ক আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

বাচসাস এর সভাপতি রাজু আলীম অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। 'মুক্তিযুদ্ধের স্মার্ট বাংলাদেশ' বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেলিনা শিউলি।

মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪